

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬০০

১/ বিবিধ

আরবী

جبلت القلوب على حب من أحسن إليها، وبغض من أساء إليها موضوع

رواه ابن الأعرابي في " المعجم " (2 / 21 - 22) وابن عدي (82 / 1) وأبو موسى المدني في جزء " من أدركه الخلال من أصحاب ابن منده " (150 - 151) وأبو نعيم (4 / 121) والخطيب (7 / 346) والقضاعي (49 / 2) عن إسماعيل بن أبان عن الأعمش عن خيثمة عن عبد الله بن مسعود مرفوعا وقال أبو نعيم: " غريب لم نكتبه إلا من هذا الوجه " وذكر نحوه ابن عدي وزاد: " وهو معروف عن الأعمش موقوفا قلت: وإسماعيل هذا قال فيه أحمد: " روى أحاديث موضوعة عن فطر وغيره، فتركناه ". وقال ابن حبان (1 / 116): " كان يضع الحديث على الثقات ". وقال أبو داود: " كان كذابا ". ونقل المناوي عن " لسان الميزان " قال الأزدي: " هو كوفي زائغ وهو الذي روى حديث جبلت القلوب، قال الأزدي: " هذا الحديث باطل قال المناوي: ورأيت بخط ابن عبد الهادي في تذكرته: قال مهنا: سألت أحمد ويحيى عنه؟ فقالا: ليس له أصل، وهو موضوع قلت: نقله أيضا ابن قدامة موفق الدين في " المنتخب " (10 / 195 / 2) عن مهنا به. ومع هذا كله أورده السيوطي في " الجامع " وقال: " صحح البيهقي وقفه "! قلت: الموقوف موضوع أيضا فإنه من هذه الطريق، كذلك رواه ابن حبان في " روضة

العقلاء (ص 255) وغيره، ولذلك قال السخاوي: " هو باطل مرفوعا وموقوفا

বাংলা

৬০০। অন্তরগুলো সৃষ্টি করা হয়েছে যে ব্যক্তি তার সাথে ভাল আচরণ করবে তাকে ভালবাসার জন্য আর যে তার সাথে খারাপ আচরণ করবে তাকে ঘৃণা করার জন্য ।

হাদীছটি জাল ।

এটিকে ইবনুল আ'রাবী "আল-মুজাম" (২/২১-২২) গ্রন্থে, ইবনু আদী (১/৮২), আবু মূসা আল-মাদীনী "মান আদরাকাহুল খালালু মিন আসহাবে ইবনে মান্দাহ" (১৫০-১৫২) গ্রন্থে, আবু নোয়াইম (৪/১২১), আল-খাতীব (৭/৩৪৬) এবং কাযাঈ ইসমাঈল ইবনু আবান হতে তিনি আমাশ হতে তিনি খায়সামা হতে ... বর্ণনা করেছেন ।

আবু নোয়াইম বলেনঃ এটি গারীব, আমরা একমাত্র এ সূত্রেই এটিকে লিখেছি । ইবনু আদীও অনুরূপ বলেছেন তবে একটু বেশী বলেছেনঃ এটি আমাশ হতে মওকুফ হিসাবে বর্ণিত হয়েছে ।

আমি (আলবানী) বলছিঃ এই ইসমাঈল সম্পর্কে ইমাম আহমাদ বলেনঃ তিনি জাল হাদীছ বর্ণনা করেছেন ... । এ কারণে আমরা তাকে ছেড়ে দিয়েছি (গ্রহণ করিনি) । ইবনু হিব্বান (১/১৬১) বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উপর হাদীছ জাল করতেন । আবু দাউদ বলেনঃ তিনি মিথ্যুক ছিলেন ।

মানবী "আল-লিসান" গ্রন্থ হতে নকল করেছেন, আযদী বলেনঃ এ হাদীছটি বাতিল । মানবী বলেনঃ আমি ইবনু আদিল হাদীর "তায়কিরা" গ্রন্থে তার হাতের লিখায় দেখেছি । মাহনা বলেনঃ আমি ইমাম আহমাদ এবং ইয়াহইয়াকে তার (ইসমাঈল) সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম, তারা উভয়েই বলেনঃ এটির কোন ভিত্তি নেই । এটি বানোয়াট ।

তা সত্ত্বেও সুয়ূতী "আল-জামে" গ্রন্থে হাদীছটি উল্লেখ করে বলেছেন যে, হাদীছটিকে বাইহাকী মওকুফ হিসাবে সহীহ বলেছেন ।

আমি (আলবানী) বলছিঃ এটি মওকুফ হিসাবেও বানোয়াট । কারণ মওকুফ হিসাবেও এসব সূত্রেই এসেছে । এ কারণেই সাখারী বলেছেনঃ এটি মারফু' এবং মওকুফ হিসাবেও বাতিল ।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71479>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন